# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ পরিচ্ছেদ: জানাযা সংক্রান্ত নারীদের বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

২. নারীদের পাঁচটি সাদা কাপড়ে কাফন দেওয়া মুস্তাহাব:

ইযার, যা দিয়ে তার নিম্নাংশ আবৃত করা হয়। উড়না হবে মাথার উপর। জামা হবে তার শরীরের উপর। আর দু’টি লেফাফা দিয়ে তার পূর্ণ শরীরকে ঢেকে দেওয়া হবে। কারণ, লায়লা সাকাফিয়্যাহ বর্ণনা করেন:

«كنت فيمن غسل أم كلثوم بنت رسول الله صلى الله عليه وسلم عند وفاتها، وكان أول ما أعطانا رسول الله الحقى، ثم الدرع، ثم الخمار، ثم الملحفة، ثم أدرجت بعد ذلك في الثوب الآخر»

“উম্মে কুলসুম বিনতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মারা গেলে যারা তাকে গোসল দেয়, আমি তাদের একজন ছিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে প্রথম যা দিয়ে ছিলেন, তা ছিল ইযার, অতঃপর জামা, অতঃপর উড়না, অতঃপর লেফাফা, অতঃপর এগুলোকে আরেকটি কাপড় দিয়ে আচ্ছাদিত করে দেই”।[1]

ইমাম শাওকানী রহ. বলেন: হাদীস প্রমাণ করে যে, নারীর কাফনের জন্য বিধান হচ্ছে ইযার, জামা, উড়না, চাদর ও লেফাফা”।[2] সমাপ্ত।

## ফুটনোট

[1] আবু দাউদ, হাদীস নং ৩১৫৭; আহমদ: (৬/৩৮০)
[2] নাইলুল আওতার: (৪/৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন